গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নির্বাহী পরিচালকের কার্যালয়
তুলা উন্নয়ন বোর্ড
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫।
www.cdb.gov.bd

বিষয়ঃ সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) পরিবীক্ষণ কমিটির ৩য় প্রান্তিকে (জানুয়ারি-মার্চ/২০২৩) অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. মোঃ গাজী গোলাম মর্তুজা<br>প্রকল্প পরিচালক<br>সম্প্রসারিত তুলা চাষ প্রকল্প (ফেজ-১) (২য় সংশোধিত)<br>ও<br>আহবায়ক, সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) পরিবীক্ষণ কমিটি |
| সভার তারিখ | : | ০৯/০৩/২০২৩ |
| সভার সময় | : | সকাল ১১.০০ ঘটিকা |

সভাপতি সবাইকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, তুলা উন্নয়ন বোর্ডের ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য এর আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর কার্যক্রম [১.২] অনুসারে জানুয়ারি/২৩ হতে মার্চ/২৩ প্রান্তিকে (২য় প্রান্তিকে) অনুষ্ঠিত "সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন" সংক্রান্ত কার্যক্রমের লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্তে অদ্যকার সভার আয়োজন করা হয়েছে।

১.২ সভায় তুলা উন্নয়ন বোর্ডের বর্তমান সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আলোচনাকালে সদস্য সচিব সাবিহা রোকসানা অবহিত করেন যে, তুলা উন্নয়ন বোর্ডের সেবা প্রদান প্রতিশ্রুতি প্রণয়ন করে ইতোমধ্যে ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। তিনি ২০২২-২৩ অর্থ বছরের সেবা প্রদান প্রতিশ্রুতির বাস্তবায়ন কর্মপরিকল্পনার ২য় প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি তুলে ধরেন যা নিম্নরূপ

| ক্র:নং | সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর কার্যক্রম | ১ম প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ১. | [১.১ ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংকান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন | সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন করা হয়েছে। |
| ২. | [১.২] ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | ত্রৈমাসিকভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন করা হয়েছে। |
| ৩. | [১.৩] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয় ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয়ের সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন করা হয়েছে। |

| ক্র:নং | সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর কার্যক্রম | ১ম প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ৪. | [১.৪] ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ (আওতাধীন দপ্তর/সংস্থাসহ) | এ কার্যক্রমটির আওতায় ২য় প্রান্তিকে তুলা উন্নয়ন বোর্ডসহ এর আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করা হয়েছে। |
| ৫. | [২.১] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজন | ২য় প্রান্তিকে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে ১টি প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। |
| ৬. | [২.২] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে ষ্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন | স্টেকহোল্ডারগণের সমন্বয়ে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে ২য় প্রান্তিকে ১টি অবহিতকরণ সভা আয়োজন করা হবে। |

১.৩ সভাপতি তুলা উন্নয়ন বোর্ডের সেবা প্রদান প্রতিশ্রুতি পর্যালোচনা করে বলেন যে সেবা প্রদান প্রতিশ্রুতিতে কিছুটা সংশোধন করা প্রয়োজন। পরিবীক্ষণ কমিটি তুলা উন্নয়ন বোর্ডের হিসাব শাখা, প্রশাসন শাখা, আকস্মিক পরিদর্শন করতে পারে।

২। সিদ্ধান্ত: পরিশেষে বিশদ আলোচনা ও পর্যালোচনান্তে সর্বসম্মতিক্রমে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র:নং | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১. | সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী সেবা প্রদান নিশ্চিতকরণে তুলা উন্নয়ন বোর্ডের ন্যূনতম ২ টি সেবা প্রদানকারী শাখা আকস্মিক পরিদর্শনপূর্বক প্রতিবেদন প্রণয়ন করতে হবে। | সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন অগ্রগতি |
| ২. | প্রাতিষ্ঠানিক সেবার 'তুলাচাষে কারিগরি সহায়তা প্রদান' এবং 'তুলা গবেষণায় কারিগরি সহায়তা প্রদান' সেবার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ড. মো: ফখরে আলম ইবনে তাবিব এর পরিবর্তে ড. শেফালী রানী মজুমদার কে প্রদান এবং সে অনুযায়ী অন্যান্য তথ্য পরিবর্তন করে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করার সুপারিশ করা হয়। | তুলা উন্নয়ন কর্মকর্তা পরিকল্পনা শাখা |

৩। পরিশেষে, আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।

২৩/৩/২০২৩

ড. মোঃ গাজী গোলাম মর্তুজা
প্রকল্প পরিচালক
সম্প্রসারিত তুলা চাষ প্রকল্প (ফেজ-১) (২য় সংশোধিত)
ও
আহবায়ক
সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি